

মানসিক শান্তি

- দীপালোক ভট্টাচার্য

দূর দূরান্তে আমি একা-
চারিদিক নিঝুম রাত
জোনাকির আঁকা সরু পথ,
উড়ে যেতে চায় দিক থেকে
দিগন্তরে ।
চারিদিক কোলাহল-
বিপদ হুঙ্কার কড়া নাড়ে,
বাঁচাতে চাই শত প্রাণ,
হাহাকারে তার চারিদিক উন্মাদনা ।
বাঁচতে চায় সে বাঁচতে দাও ।
দিনের শেষে শেষ রঙিন হাসিটা
তোমার দেওয়া মনমুগ্ধকর স্পন্দন ।
জীবনের সংগ্রামে নেই যে পিছুটান
বাঁচতে চায় সে তাকে বাঁচতে দাও-
উড়ে যেতে চায় সে নীলাম্বরের
হাত ছানির চড়া পথে ।
তাকে বাঁচতে দাও ।

